রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ৩৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৬, ২০১৮

সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৯৩—৫০৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৩৩—৯৪০ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৮৫—১০৭৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)**
**এডিবি-৬ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ জুলাই ২০১৮

**নং ০৯.০০.০০০০.১২৫.১৪.০১৭.১৭-১৮৫**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সঙ্গে স্থানীয় সরকার বিভাগের আওতায় বাস্তবায়িতব্য Urban Primary Health Care Services Delivery Project- Additional Financing-শীর্ষক প্রকল্পের লোন নেগোসিয়েশনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে বাংলাদেশ প্রতিনিধিদল গঠন করা হল :

| | | |
|---|---|---|
| (ক) | জনাব মুহাঃ আলকামা সিদ্দিকী, অতিরিক্ত সচিব (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ। | দলনেতা |
| (খ) | জনাব মোঃ আব্দুর রউফ, উপ-প্রধান, স্থানীয় সরকার বিভাগ। | সদস্য |
| (গ) | মিজ নিলুফা আক্তার, উপ অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ। | সদস্য |
| (ঘ) | জনাব প্রভাষ চন্দ্র রায়, উপ-প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন। | সদস্য |

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| | | |
|---|---|---|
| (ঙ) | জনাব খলিল আহমেদ, উপ-পরিচালক (উপসচিব), আইএমইডি। | সদস্য |
| (চ) | জনাব মোঃ রফিকুল হাসান, উপসচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ। | সদস্য |
| (ছ) | জনাব মোহাঃ মসিউর রহমান, প্রথম সচিব (শুল্কঃ রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড। | সদস্য |
| (জ) | মিজ জান্নাতুল ফেরদৌস, উপসচিব, ফাবা অনুবিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ। | সদস্য |
| (ঝ) | জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া, উপসচিব, এডিবি-৬, অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ। | সদস্য |

২। **নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান :**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ১১ জুলাই ২০১৮ | সকাল ১০:০০ টায় নেগোসিয়েশন শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা। |

৩। লোন নেগোসিয়েশনের জন্য উপরে বর্ণিত বাংলাদেশ প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাঃ অলিউল্লাহ মিয়া**
উপসচিব।

---

**বিচার শাখা-৭**
**আইন ও বিচার বিভাগ**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশাবলি**

তারিখ : ২৫ জুন ২০১৮ খ্রিঃ

নং **বিচার-৭/২এন-৪৩/২০১১-৪০৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ সেলিম ভূঞা, পিতা-মৃত আজিজুল হক ভূঞা, মাতা-আম্বিয়া খাতুন, গ্রাম-খড়কমাড়া, ডাকঘর-কুন্দারপাড়া, উপজেলা-শিবপুর, জেলা-নরসিংদী) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নরসিংদী জেলার শিবপুর উপজেলার বাঘাব ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ০৪ জুলাই ২০১৮ খ্রিঃ

নং **বিচার-৭/২এন-৯৭/৮৬-৪২৩**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ ইলিয়াছ ফয়েজ, পিতা-আবু ছালেহ মোঃ আব্দুল মমিন, মাতা-মোছাঃ আমিনা খাতুন, গ্রাম-মাঝাইর, ডাকঘর-মেরুয়াখলা, উপজেলা-বিশ্বম্ভরপুর, জেলা-সুনামগঞ্জ) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সুনামগঞ্জ জেলার বিশ্বম্ভরপুর উপজেলার ২ নং পলাশ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭(সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতিবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

**কৃষি মন্ত্রণালয়**
**সম্প্রসারণ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ জুলাই ২০১৮

নং **১২.০০.০০০০.০৫২.২৭.১০৯.১৮-৬৪৮**—যেহেতু, বিসিএস (কৃষি) ক্যাডারভুক্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব মোহাম্মদ আব্দুস ছালাম (পরিচিতি নং-২৫৯৫), উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ এর বিরুদ্ধে গত ২৬ এপ্রিল ২০১৮ তারিখ (২৫ এপ্রিল দিবাগত রাত) ভোরে তাহিরপুর উপজেলাধীন টাঙ্গুয়ার হাওরের নাওটানা খালেরমুখে ফসল রক্ষা বাঁধ কতিপয় দুষ্কৃতকারী কর্তৃক কেটে দেয়ার সংবাদটি উর্ধ্বতন কর্তৃপক্ষকে যথাসময়ে অবহিত না করা, ক্ষতিগ্রস্ত বাঁধ মেরামত যথোপযুক্ত কার্যক্রম গ্রহণে ব্যর্থতা প্রদর্শন, কর্তব্য কাজে চরম গাফিলতি ও অদক্ষতা পরিলক্ষিত হয়;

যেহেতু, উক্ত অপরাধের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে কৃষি মন্ত্রণালয়ের ১৩ মে ২০১৮ তারিখ ১২.০০.০০০০. ০৫২.২৭.১০৯.১৮.৪৪৭ সংখ্যক স্মারকমূলে বিভাগীয় মামলা (মামলা নং-০২/২০১৮) রুজু করতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত ১ম কারণ দর্শানো নোটিশের জবাবের পরিপ্রেক্ষিতে গত ২৭ জুন ২০১৮ তারিখ ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীকালে তাঁর স্বপক্ষে দালিলিক প্রমানাদি প্রদর্শনে ব্যর্থ হন;

যেহেতু, নির্বিঘ্নে বোরো ফসল চাষাবাদের বিষয়ে সরকার কর্তৃক মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণকে সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করে কৃষকদের সার্বিক সহযোগিতা প্রদানের নির্দেশনা থাকা সত্বেও বিষয়টিকে তিনি গুরুত্ব প্রদান করেননি; এছাড়াও, তাহিরপুরের উপজেলা নির্বাহী অফিসারসহ স্থানীয় জনপ্রতিনিধি এবং ক্ষতিগ্রস্ত চাষীদের তৎপরতায় বাঁধ মেরামতকালে উক্ত স্থানে যথাসময়ে তিনি উপস্থিত হতে পারেনি, যা মাঠ পর্যায়ে দায়িত্ব পালনের ক্ষেত্রে চরম গাফিলতি ও অদক্ষতার পরিচায়ক এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী 'অসদাচরণ (misconduct)' এর আওতাভুক্ত;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার এহেন কার্যকলাপের জন্য তাঁকে 'অসদাচরণ (misconduct)' এর দায়ে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(এ) মোতাবেক 'তিরস্কার (censure)' দণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ আব্দুস ছালাম (পরিচিতি নং-২৫৯৫), উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ (misconduct)' এর দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪(২)(এ) মোতাবেক 'তিরস্কার (censure)' দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ**
**সিনিয়র** সচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ আষাঢ় ১৪২৫/২৬ জুন ২০১৮

নং **৪৩.০০.০০০০.১১৪.০১৬.১০৯.১৪(অংশ)-২৭৩**—১৯৬৮ খ্রিঃ সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তর সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস. এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | বীরকুৎসা জমিদার বাড়ি<br>গ্রাম: বীরকুৎসা<br>ইউপি: ১৫ নং যোগীপাড়া<br>পো: বীরকুৎসা<br>থানা: বাগমারা<br>জেলা: রাজশাহী। | বীরকুৎসা নং-২৮৪ | এস.এ ১১৫৪ আর এস ৬৭৫ | এস এ ২৫৯৬ আর এস ৭৬৫৫ | ২.৪৬ একর ০.৯৯ একর | পূর্ব-ইউনিয়ন ভূমি অফিস<br>পশ্চিম-সরকারি রাস্তা<br>উত্তর-ভিপি পুকুর<br>দক্ষিণ-সরকারি রাস্তা। | আর এস রেকর্ডীয় মালিক পতিরূপা দেবী দিং জং-পঞ্চন্দ বন্দপধ্যায় সাং-ভারত পক্ষে বাংলাদেশ সরকার ১। | হ্যাঁ | এস এ ২৫৯৬ নং দাগে ২.৪৬ একর জমি। আর এস ৭৬৫৫ নং দাগে ০.৯৯ একর ভিপি জমি হিসেবে রেকর্ডভুক্ত। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ছানিয়া আক্তার**
উপসচিব।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## ক্রীড়া-১ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৬ আষাঢ় ১৪২৫/১০ জুলাই ২০১৮

নং **৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৩৬৪**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ গলফ ফেডারেশনের বর্তমান সভাপতি জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হক, এসবিপি, এনডিসি, পিএসসি-কে বাংলাদেশ গলফ ফেডারেশনের সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

নং **৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৩৬৫**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক সেনাবাহিনী প্রধান জেনারেল আজিজ আহমেদ, বিজিবিএম, পিবিজিএম, বিজিবিএমএস, পিএসসি, জি-কে বাংলাদেশ গলফ ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

তারিখ : ০৭ আষাঢ় ১৪২৫/২১ জুন ২০১৮

নং **৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৩৮১**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বাংলাদেশ হকি ফেডারেশনের বর্তমান সভাপতি এয়ার চীফ মার্শাল আবু এসরার, বিবিপি, এনডিসি, এসিএসসি-কে বাংলাদেশ হকি ফেডারেশনের সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

নং **৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১১-৩৮২**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (হালনাগাদ সংশোধিত) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক বিমান বাহিনী প্রধান এয়ার মার্শাল মাসিহুজ্জামান সেরনিয়াবাত, বিবিপি, ওএসপি, এনডিইউ, পিএসি-কে বাংলাদেশ হকি ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোরশেদা আখ্তার**
সিনিয়র সহকারী সচিব।

---

## পানি সম্পদ মন্ত্রণালয়
## উন্নয়ন-২ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৩ আষাঢ় ১৪২৫ ব:/২৭ জুন ২০১৮ খ্রি:

নং **৪২.০০.০০০০.০৩৫.১৪.১০৩.১৭-২৩৮**—বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “যমুনা নদীর ডানতীরের ভাঙ্গান হতে গাইবান্ধা সদর উপজেলা এবং গণকবরসহ ফুলছড়ি উপজেলার বিভিন্ন স্থাপনা রক্ষা” শীর্ষক প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার লক্ষ্যে নিম্নোক্তভাবে স্টিয়ারিং কমিটি গঠন করা হলো :

**সভাপতি**

১। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়

৩। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৪। যুগ্ম-সচিব (উন্নয়ন-১), পানি সম্পদ মন্ত্রণালয়

৫। যুগ্ম-প্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়

৬। অতিরিক্ত মহাপরিচালক, (পরিকল্পনা), পানি সম্পদ মন্ত্রণালয়।

৭। প্রধান পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

৮। অর্থ বিভাগের প্রতিনিধি

৯। সেচ উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের প্রতিনিধি।

১০। এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের প্রতিনিধি

১১। কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশনের প্রতিনিধি

১২। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি

১৩। উপ-সচিব (উন্নয়ন-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়।

১৪। উপ-প্রধান-২, পানি সম্পদ মন্ত্রণালয়

১৫। সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-৩, পানি সম্পদ মন্ত্রণালয়।

**সদস্য-সচিব**

১৬। প্রকল্প পরিচালক

**কমিটির কার্যপরিধি :**

* প্রকল্পের সার্বিক বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগীতা/ পরামর্শ প্রদান;
* প্রকল্প বাস্তবায়নে সমস্যা সমাধানে দিক নির্দেশনা;
* কমিটি প্রতি তিন মাসে অন্তত একবার সভা আহ্বান করে প্রকল্পের বাস্তবায়ন পর্যালোচনা করবে। তবে জরুরী প্রয়োজনে যে কোন সময় সভা আহ্বান করা যাবে;
* বিবিধ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাঃ নূরজাহান খাতুন**
উপসচিব।

---

**উন্নয়ন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ আষাঢ় ১৪২৫/২৮ জুন ২০১৮

নং ৪২.০০.০০০০.০৩৬.১৪.০৩০.১৭-৩২৪—বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন "নরসিংদী জেলার অন্তর্ভুক্ত আড়িয়াল খাঁ নদী, হাড়িদোয়া নদী, ব্রহ্মপুত্র নদ, পাহাড়িয়া নদী, মেঘনা শাখা নদী ও পুরাতন ব্রহ্মপুত্র শাখা নদ পুন:খনন" শীর্ষক প্রকল্পের কাজ বাস্তবায়নে ত্রিমুখী সমস্যা দুরীভূতকরণে কার্যক্রম সম্পাদনের স্বার্থে যথাসময়ে সমাপ্তির নিমিত্ত শুকিয়ে যাওয়া নদীর সীমানা চিহ্নিত করণের পাশাপাশি জমির প্রকৃত মালিকানা নির্ধারণ, খননকৃত মাটির সঠিক ব্যবস্থাপনা (Spoil Earth Management) গ্রহণের বিষয়সমূহ এবং শুকিয়ে যাওয়া নদীর সীমানা নির্ধারণের জন্য নিম্নরূপ টাস্কফোর্স কমিটি গঠন করা হলো :

(১) সংশ্লিষ্ট উপজেলার ইউএনও/এসি ল্যান্ড প্রধান সমন্বয়ক

(২) সদস্যবৃন্দ:

(ক) ১X সেনাবাহিনীর প্রতিনিধি।

(খ) ১X বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি।

(গ) সংশ্লিষ্ট এলাকার ভূমি অফিসের প্রতিনিধি।

(ঘ) সংশ্লিষ্ট এলাকার স্থানীয় ইউনিয়ন চেয়ারম্যান।

(ঙ) স্থানীয় ওয়ার্ডের ইউনিয়ন মেম্বার।

(চ) ১X জমির ভোগদখলকারী ব্যক্তি।

(ছ) ১X স্থানীয় গ্রহণযোগ্য গণ্যমান্য ব্যক্তি।

**টাস্কফোর্স কমিটির কার্যপরিধি :**

(১) শুকিয়ে যাওয়া নদীর মধ্য সীমানা নির্ধারণ করত: প্রকল্প পরিচালক (পিডি) বরাবর সুপারিশ উপস্থাপন।

(২) খননকৃত মাটির ব্যবস্থাপনা বিষয়ে প্রকল্প পরিচালক বরাবর সুপারিশসহ উপস্থাপন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: সফিকুর রহমান**
সহকারী সচিব।

**প্রশাসন-০১ শাখা**

**আদেশ**

তারিখ : ১৯ আষাঢ় ১৪২৫ ব:/০৩ জুলাই ২০১৮ খ্রি:

নং ৪২.০০.০০০০.০৩১.১৫.০৫০.১৬-৩৯০—পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ হাওর ও জলাভুমি উন্নয়ন অধিদপ্তর এর জন্য ৫৫(পঞ্চান্ন) টি পদ ৩১-০৫-২০১২ খ্রি: তারিখ পর্যন্ত সৃজনে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০১৮ সালের ৫ম সভার সিদ্ধান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ১৯ মার্চ, ২০১৮ তারিখের স্মারক নং-০৪.০০.০০০০.৭১১.০৬.০০৫.১৮-১৩৬; মাননীয় প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত ০৪-০৬-২০১৮ তারিখের অনুমোদন; জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১-০৮-২০১০ তারিখের স্মারক নং-০৫.১৫৭.০২৮.০৩.০২.০১১.২০১০-২২৭ ও ১০-০৩-২০১১ তারিখের স্মারক নং-০৫.১৫৭.০২৮.০৩.০২.০১১.২০১০-৬২; অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান এর ২৩-০৯-২০১০ তারিখের স্মারক নং-০৭.১২৮.০১৯.৪২.০০.০০১.২০১০-০১ ও ১৯-১২-২০১০ তারিখের স্মারক নং-০৭.১২৮.০১৯.৪২.০০.০০১.২০১০-২৭৯ এর শর্ত মোতাবেক ভূতাপেক্ষভাবে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো :

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণ বেতন (জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মহাপরিচালক | প্রেষণে | ০১ (এক)টি | |
| ২ | পরিচালক (প্রশাসন ও অর্থ) | ২৫৭৫০-৩৩৭৫০/- (৪ নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ৩ | পরিচালক (জলাভূমি) | ২৫৭৫০-৩৩৭৫০/- (৪ নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ৪ | উপ-পরিচালক (প্রকৌশলী-১) | ১৮৫০০-২৯৭০০/- (৬ নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ৫ | উপ-পরিচালক (কৃষি ও মৎস্য) | ১৮৫০০-২৯৭০০/- (৬ নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ৬ | উপ-পরিচালক (ভূমি ও পরিবেশ) | ১৮৫০০-২৯৭০০/- (৬ নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ৭ | উপ-পরিচালক (কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের জন্য) | ১৮৫০০-২৯৭০০/- (৬ নং গ্রেড) | ০২ (দুই)টি | |
| ৮ | সহকারী প্রোগ্রামার (ভূমি ও পরিবেশ) | ১১০০০-২০৩৭০/- (৯ নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ৯ | সহকারী পরিচালক (প্রকৌশল) | ১১০০০-২০৩৭০/- (৯ নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ১০ | সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) | ১১০০০-২০৩৭০/- (৯ নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ১১ | সহকারী পরিচালক (কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের জন্য) | ১১০০০-২০৩৭০/- (৯ নং গ্রেড) | ০২ (দুই)টি | |
| ১২ | সহকারী পরিচালক (পরিবেশ) | ১১০০০-২০৩৭০/- (৯ নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ১৩ | সহকারী পরিচালক (কৃষি ও মৎস্য) | ১১০০০-২০৩৭০/- (৯ নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ১৪ | মাঠ কর্মকর্তা | ৮০০০-১৬৫৪০/- (১০ নং গ্রেড) | ০৪ (চার)টি | |
| ১৫ | হিসাব রক্ষক | ৫২০০-১১২৩৫/- (১৪ নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ১৬ | হিসাব সহকারী | ৪৭০০-৯৭৪৫/- (১৬ নং গ্রেড) | ০২ (দুই)টি | |
| ১৭ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৪৭০০-৯৭৪৫/- (১৬ নং গ্রেড) | ০৩ (তিন)টি | |
| ১৮ | ব্যক্তিগত সহকারী | ৪৭০০-৯৭৪৫/- (১৬ নং গ্রেড) | ০৩ (তিন)টি | |
| ১৯ | ডাটা এন্ট্রি অপারেটর | ৫২০০-১১২৩৫/- (১৪ নং গ্রেড) | ০৩ (তিন)টি | |
| ২০ | গাড়ী চালক | | ০৫ (পাঁচ)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ২১ | ইঞ্জিন বোট চালক | | ০২ (দুই)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ২২ | বার্তাবাহক | | ০৩ (তিন)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ২৩ | অফিস সহায়ক | | ০৯ (নয়)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ২৪ | নিরাপত্তা প্রহরী | | ০৩ (তিন)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ২৫ | স্পীড বোট চালক | | ০২ (দুই)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| | | | **৫৫(পঞ্চান্ন)টি** | |

২। এ আদেশ জারিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১১-০৮-২০১০ তারিখের স্মারক নং-০৫.১৫৭.০২৮.০৩.০২.০১১.২০১০-২২৭ ও ১০.০৩.২০১১ তারিখের স্মারক নং-০৫.১৫৭.০২৮.০৩.০২.০১১.২০১০-৬২; অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান এর ২৩-০৯-২০১০ তারিখের স্মারক নং-০৭.১২৮.০১৯.৪২.০০.০০১.২০১০-০১ ও ১৯-১২-২০১০ তারিখের স্মারক নং-০৭.১২৮.০১৯.৪২.০০.০০১.২০১০-২৭৯ এর উল্লিখিত সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে এবং অনুমোদন রয়েছে।

**হোসানে আরা আক্তার**
উপসচিব।

**তথ্য মন্ত্রণালয়**
**তথ্য ও গণযোগাযোগ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ আষাঢ় ১৪২৫/১৯ জুন ২০১৮

নং ১৫.০০.০০০০.০২৫.০৪.০০৩.১৬-১৯৪—যেহেতু, জনাব সালাহ্ উদ্দিন, তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, কক্সবাজার গত ১৫-০১-২০১৩ তারিখে কক্সবাজার জেলা তথ্য অফিসে তথ্য অফিসার পদে যোগদানের পরের দিন অর্থাৎ ১৬-০১-২০১৩ তারিখ থেকে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী তাঁর বিরুদ্ধে অসদাচরণ (Misconduct) ও বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের (Desertion) অভিযোগে ২/২০১৪ নং বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিষয়ে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানো হয় এবং তা তার দাপ্তরিক ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা হয়। তার দাপ্তরিক ঠিকানায় প্রেরিত পত্রটি ডাক বিভাগ হতে ফেরত আসে। কিন্তু স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি ফেরত আসেনি। তিনি শারীরিক অসুস্থতার জন্য কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণ উল্লেখ করে অভিযোগ নামার জবাব দাখিল করেন। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৭(৩) বিধি মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়;

৩। যেহেতু, একই বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক উক্ত কর্মকর্তাকে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাতে ২য় কারণ দর্শানোর নোটিশ তার স্থায়ী ও দাপ্তরিক ঠিকানায় প্রেরণ করা হয়। নির্ধারিত সময় অতিবাহিত হওয়ার অনেক পর ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। গত ০৩-১১-২০১৫ তারিখে তিনি তথ্য মন্ত্রণালয়ে উপস্থিত হয়ে ব্যক্তিগত শুনানীসহ বক্তব্য দাখিল করেন। তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীঅন্তে তা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণযোগ্য না হওয়ায় তাকে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১৬-০১-২০১৩ খ্রিঃ হতে "সরকারি চাকরি হতে অপসারণ" (Removal from service) শাস্তি (গুরুদণ্ড) প্রদানের লক্ষ্যে একই বিধিমালার ৭(৭) বিধিমতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয় এবং সরকারী কর্ম কমিশন তথ্য মন্ত্রণালয়ের প্রস্তাবের সাথে একমত পোষণ করে মতামত প্রদান করেছে;

৪। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর৪(৬) বিধি অনুযায়ী উক্ত কর্মকর্তাকে গুরুদণ্ড প্রদানের ক্ষেত্রে তথ্য মন্ত্রণালয়ের প্রেরিত সার-সংক্ষেপ মহামান্য রাষ্ট্রপতি সদয় সানুগ্রহ অনুমোদন করেছেন;

৫। যেহেতু, ইতোমধ্যে ১৮ এপ্রিল ২০১৮ তারিখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ প্রণীত হয়েছে এবং উক্ত বিধিমালার ২৮ এর (২) (খ) অনুচ্ছেদে "গৃহীত বা সূচিত কোন কার্য বা কার্যধারা অনিস্পন্ন থাকিলে উহা অব্যাহত থাকিবে এবং এই বিধিমালার বিধান অনুসারে নিস্পন্ন করিতে হইবে" মর্মে উল্লেখ রয়েছে;

৬। সেহেতু, বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের কর্মকর্তা জনাব সালাহ্ উদ্দিন, তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, কক্সবাজার-কে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) অনুযায়ী পলায়নের দায়ে দোষী সাব্যস্থ করে একই বিধিমালার ৪(৩)(গ) বিধিমতে তাকে ১৬-০১-২০১৩ খ্রিঃ থেকে সরকারি চাকুরী হতে অপসারণ (Removal from service) করা হলো।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মালেক**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ২৪ আষাঢ় ১৪২৪/০৮ জুলাই ২০১৮

নং ৩১.০০.০০০০.০৪৯.০৩৬.১১২.১০(অংশ-১)-১৬২—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ৭ | পূর্ব্ব শিলুয়া | ২১ | ছাগলনাইয়া | ফেনী |
| ১৩ | ধর্ম্মপুর | ১১২ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর |
| ১৪ | পূর্ব্ব আলাদাদপুর | ১৪৮ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর |

তারিখ : ১০ আষাঢ় ১৪২৫/২৪ জুন ২০১৮

নং **৩১.০০.০০০০.০৪৯.৩১.০০৮.২০১৪-১৫৪**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | কাদিরপুর দিয়াড় | ১৭৪ | বাঘা | রাজশাহী | |
| ২ | দাদপুর | ১৮০ | বাঘা | রাজশাহী | |
| ৩ | সুলতানপুর | ১৮৮ | বাঘা | রাজশাহী | |
| ৪ | বাড়ইভাগ | ১৭৬ | রায়গঞ্জ | সিরাজগঞ্জ | |
| ৫ | নওদাসালুয়া | ১৮২ | রায়গঞ্জ | সিরাজগঞ্জ | |
| ৬ | মথুরাপুর | ১৯৩ | রায়গঞ্জ | সিরাজগঞ্জ | |
| ৭ | পাটুয়া | ১৬ | কলাপাড়া | পটুয়াখালী | |
| ৮ | ছোট বালিয়াতলী | ২৯ | কলাপাড়া | পটুয়াখালী | মহামান্য হাইকোর্টে ১০৮২০/১২ নং রীট পিটিশন সংশ্লিষ্ট ১৩০, ১১৫৭ নং খতিয়ান ব্যতীত। |
| ৯ | পাঁচজৈনা | ১৩ | কলাপাড়া | পটুয়াখালী | মহামান্য হাইকোর্টে ৭৮৫৬/১১ নং রীট পিটিশন সংশ্লিষ্ট ১/১ নং খতিয়ান ব্যতীত। |
| ১০ | চালিতা বুনিয়া | ১৪ | কলাপাড়া | পটুয়াখালী | |
| ১১ | চর নজীব | ৩০ | কলাপাড়া | পটুয়াখালী | |
| ১২ | রাঙ্গাবালী | ১১৫ | গলাচিপা বর্তমানে রাঙ্গাবালী | পটুয়াখালী | |
| ১৩ | চর হালিম | ১২২ | গলাচিপা বর্তমানে রাঙ্গাবালী | পটুয়াখালী | |
| ১৪ | গাজী মামুদ | ৪০ | বরগুনা সদর | বরগুনা | |
| ১৫ | কুমীর মারা | ৪১ | বরগুনা সদর | বরগুনা | |
| ১৬ | তালতলী | ৫৩ | বরগুনা সদর | বরগুনা | |
| ১৭ | পূর্ব কেদারপুর | ১৯ | বাবুগঞ্জ | বরিশাল | |
| ১৮ | কুড়িরচর মিয়া চর | ৬৬ | মুলাদী | বরিশাল | |
| ১৯ | আলিমাবাদ | ০৯ | মুলাদী | বরিশাল | |
| ২০ | বড় বরুন্ডী | ২৫১ | মানিকগঞ্জ সদর | মানিকগঞ্জ | |
| ২১ | সারারিয়া | ৪৩ | সিঙ্গাইর | মানিকগঞ্জ | |
| ২২ | দক্ষিণ বাস্তা | ০৭ | সিঙ্গাইর | মানিকগঞ্জ | |

তারিখ : ২০ আষাঢ় ১৪২৫/০৪ জুলাই ২০১৮

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৯.১৪-১৫৮**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :—

| ক্রম | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | শেখহাটি | ১০৫ | যশোর সদর | যশোর |
| ২ | বহিলাপোতা | ৫৭ | শার্শা | যশোর |
| ৩ | বসন্তপুর | ৬৬ | শার্শা | যশোর |
| ৪ | চরবিলা | ৪০ | নড়াইল সদর | নড়াইল |
| ৫ | চান্দপুর | ৭৬ | নড়াইল সদর | নড়াইল |
| ৬ | রথডাঙ্গা | ১৪১ | নড়াইল সদর | নড়াইল |
| ৭ | রায়গ্রাম | ৫০ | লোহাগড়া | নড়াইল |
| ৮ | মহিষাপাড়া | ৮৩ | লোহাগড়া | নড়াইল |
| ৯ | চরঘোনাপাড়া | ১৪০ | লোহাগড়া | নড়াইল |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.১৬৩.১০-১৫৯**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :—

| ক্রম | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | ছলিমনগর | ৬৪ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ২ | আনাইতারা | ১০৫ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৩ | বানাইল | ৮২ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৪ | কামারপাড়া | ১৬৯ | মির্জাপুর | টাঙ্গাইল |
| ৫ | জোত বিষ্ণুপুর<br>জোত রামনগর | ৩৭ | গোপালপুর | টাঙ্গাইল |

| ক্রম | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ৬ | রামপুরচতিলা | ৭১ | গোপালপুর | টাঙ্গাইল |
| ৭ | কমলাপাড়া | ৩১ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৮ | কোচনধরা | ১৭১ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ৯ | কুশারিয়া | ২৫০ | ঘাটাইল | টাঙ্গাইল |
| ১০ | ঘেচুয়া | ৫৬ | সখিপুর | টাঙ্গাইল |

তারিখ : ২৪ আষাঢ় ১৪২৫/০৮ জুলাই ২০১৮

নং ৩১.০০.০০০০.০৪৯.০৩৩.০০৬.১১-১৬১—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭ নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :—

| ক্রম | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | কাগচিড়া | ০৫ | পাথরঘাটা | বরগুনা |
| ২ | মানিকখালী | ১৭ | পাথরঘাটা | বরগুনা |
| ৩ | বড় ট্যাংরা | ৩০ | পাথরঘাটা | বরগুনা |
| ৪ | বাদুরতলা | ৩৭ | পাথরঘাটা | বরগুনা |
| ৫ | হাজীপুর | ৩৮ | কলাপাড়া | পটুয়াখালী |
| ৬ | নিজামপুর | ৩৯ | কলাপাড়া | পটুয়াখালী |
| ৭ | হরেন্দ্রপুর খাপরাভাঙ্গা | ৫২ | কলাপাড়া | পটুয়াখালী |
| ৮ | বাউলতলী | ৫৩ | কলাপাড়া | পটুয়াখালী |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ **আবদুল মতিন**
যুগ্মসচিব।

---

**অধিশাখা-২ (মাঠ প্রশাসন)**

**আদেশাবলী**

তারিখ : ০২ জুলাই ২০১৮

নং ৩১.০০.০০০০.০৪৬.১৫.১১৭.১২-৩৭৪—নির্দেশিত হয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৯-০৯-২০০৪ তারিখে মপবি/নিকার/১(৪)/২০০৪/১৫০ নং স্মারকে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর ৯৩তম সভার সিদ্ধান্ত মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭-০৫-২০১২ তারিখের ০৫.১৫৬.০১৫.০৩.০০.০০৪.২০১১-৭৩ নং স্মারক, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, অনুবিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ০৮-১২-২০১৩ তারিখের অম/অবি/ব্যনি-২/ভূমি-০১/২০১১/৩০৪ নং স্মারক ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অধিশাখা-১ এর ১৬-০৪-২০১৪ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০০৬.১২-৭৭ নং স্মারকে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০৬-০৭-২০১৪ তারিখের ০৪.০০.০০০০.২১১.০৬.০১৮.১৪-২৮৮ স্মারকে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০২ জুলাই, ২০১৪ তারিখের ১৭শ সভার সিদ্ধান্ত অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের আওতাধীন মৌলভীবাজার জেলা প্রশাসকের কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখার জন্য আউটসোর্সিংসহ ৭ ক্যাটাগরীর ১২টি পদ ভূমি মন্ত্রণালয়ের ২৫-০৮-২০১৪ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১৫.১১৭.১২-৬৪৪ নং স্বারকে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হয় এবং অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০৩-২০১৪ তারিখের ০৫.১৫২.০১৫.০২.০০.০১৭.২০১২-৬৮ নং পরিপত্রের নির্দেশনামতে নিম্নবর্ণিত ১২ (বার)টি পদ ০১-০৬-২০১৫—৩১-০৫-২০১৬, ০১-০৬-২০১৬—৩১-০৫-২০১৭ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষভাবে ও ০১-০৬-২০১৭—৩১-০৫-২০১৮ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক নং | পদেন নাম ও পদ সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী | মন্তব্য |
|---|---|---|---|
| | অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা-০১টি | ১১০০০-২০৩৭০/- (৯ম গ্রেড) | |
| ০১ | কানুনগো-০১টি | ৮০০০-১৬৫৪০/- (১০ম গ্রেড) | |
| ০২ | সার্ভেয়ার-০২টি | ৫২০০-১১২৩৫/- (১৪ম গ্রেড) | |
| ০৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-০২টি | ৪৭০০-৯৭৪৫/- (১৬ম গ্রেড) | |
| ০৮ | জারিকারক-০১টি | টাঃ ৭৩৫০/- (সাকুল্যে) | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ০৯ | চেইনম্যান-০৪টি | টাঃ ৭৩৫০/- (সাকুল্যে) | |
| ১০ | অফিস সহায়ক-০১টি | টাঃ ৭৩৫০/- (সাকুল্যে) | |

২। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জি,ও জারি করা হলো।

নং ৩১.০০.০০০০.০৪৬.২৬.০১০.১২-৩৭৫—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০৯-২০১৪ তারিখে ০৫.১৫৬.০১৫.০৩.০০.০০৫.২০১১-১৮৬ নং স্মারক, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ২১-০৩-২০১৬ তারিখের অম/অবি/ব্যনি-২ ভূমি-০১/২০১১/১৮৫ নং স্মারক, অর্থ বিভাগের বাস্তবায়ন-১ শাখার ১৬-০৫-২০১৬ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০০৬.১২-১১৭ নং স্মারক এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৬-১০-২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১৬.১৬-৪১৩ স্মারকে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ২০ আশ্বিন ১৪২৩/০৫ অক্টোবর ২০১৬ তারিখের ১৬শ সভার সিদ্ধান্ত অনুযায়ী ভূমি মন্ত্রণালয়ের অধীন চট্টগ্রাম মহানগর এলাকায় ০৩টি সার্কেল ভূমি অফিস অফিস (বাকলিয়া, কাট্টলী ও পতেঙ্গা) এবং ০৭টি ইউনিয়ন ভূমি অফিস (বন্দর, মোহরা, খুলশী, পাহাড়তলী, দক্ষিণ পাহাড়তলী, মধ্য হালিশহর ও দক্ষিণ হালিশহর) এর জন্য নিম্নতম ৪২ (বিয়াল্লিশ)টি পদ ভূমি মন্ত্রণালয়ের ২৪-১১-২০১৬ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.২৬.০১০.১২-৮১৯ নং স্মারকে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হয় এবং অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০৩-২০১৪ তারিখের ০৫.১৫২.০১৫.০২.০০.০১৭.২০১২-৬৮ নং পরিপত্রের নির্দেশনামতে নিম্নবর্ণিত ৪২ (বিয়াল্লিশ)টি পদ ০১-০৬-২০১৭—৩১-০৫-২০১৮, তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :—

**(ক) ০৩টি সার্কেল ভূমি অফিসের জন্য পদ :**

| ক্রমিক নং | পদের নাম ও পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড/ সাকুল্য বেতন জা:বে:স্কে: ২০১৫) | | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | কানুনগো ১×৩=০৩ (তিন)টি | টাঃ ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড ১০) | | .. |
| ০২ | সার্ভেয়ার ১×৩=০৩ (তিন)টি | টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড ১৪) | | .. |
| ০৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ১×৩=০৩ (তিন)টি | টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড ১৬) | | .. |
| ০৪ | মিউটেশন কাম-সার্টিফিকেট সহকারী ১×৩=০৩ (তিন)টি | টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড ১৬) | | .. |
| ০৫ | প্রসেস সার্ভার ১×৩=০৩ (তিন)টি | টাঃ ১১,৮৫০/- (সাকুল্য) | টাঃ ১৫,২০০/- (সাকুল্য) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণযোগ্য |
| ০৬ | অফিস সহায়ক ১×৩=০৩ (তিন)টি | টাঃ ১১,৬০০/- (সাকুল্য) | টাঃ ১৪,৯৫০/- (সাকুল্য) | |
| ০৭ | নিরাপত্তা প্রহরী ১×৩=০৩ (তিন)টি | | | |

**(খ) ০৭টি ইউনিয়ন ভূমি অফিসের জন্য পদ :**

| ক্রমিক নং | পদের নাম ও পদ সংখ্যা | অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন গ্রেড/ সাকুল্য বেতন জা:বে:স্কে: ২০১৫) | | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ১×৭=০৭ (সাত)টি | টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড ১৬) | | .. |
| ০২ | ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা ১×৭=০৭ (সাত)টি | টাঃ ৯০০০-২১৮০০/- (গ্রেড ১৭) | | .. |
| ০৩ | অফিস সহায়ক ১×৭=০৭ (সাত)টি | টাঃ ১১,৬০০/- (সাকুল্য) | টাঃ ১৪,৯৫০/(সাকুল্য) (০১-৭-২০১৬ হতে প্রদেয়) | আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণযোগ্য |

২। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জি,ও জারি করা হলো।

মোঃ জাকির হোসেন
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ এপ্রিল ২০১৮ খ্রিঃ

নং ৪৫.০০.০০০০.১৫৫.২২.০০৫.১৮-৩৬৪—জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১ বাস্তবায়নের লক্ষ্যে এর কর্মকৌশল অধ্যায়ের ১নং অনুচ্ছেদ অনুযায়ী সরকার কর্তৃক নিম্নোক্তভাবে জাতীয় স্বাস্থ্য কাউন্সিল পুনর্গঠন করা হলো :

সভাপতি

(১) মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্যবৃন্দ

(২) মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

(৩) মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়

(৪) মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়

(৫) মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

(৬) মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়

(৭) মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

(৮) মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৯) মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

(১০) মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(১১) মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(১২) মন্ত্রীপরিষদ সচিব, মন্ত্রীপরিষদ বিভাগ

(১৩) মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(১৪) ভাইস চ্যান্সেলর, বঙ্গাবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়।

(১৫) জাতীয় অধ্যাপক ব্রিগেডিয়ার (অব) এম এ মালিক, মহা-সচিব ন্যাশনাল হার্ট ফাইন্ডেশন।

(১৬) অধ্যাপক শাহলা খাতুন, জাতীয় অধ্যাপক, ঢাকা

(১৭) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন

(১৮) সভাপতি, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জনস (বিসিপিএস)।

(১৯) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি)।

(২০) অধ্যাপক রশিদ-ই-মাহবুব, সাবেক সভাপতি, বিএমএ

(২১) অধ্যাপক টি এ চৌধুরী, ফরিদা ক্লিনিক, শান্তিনগর, ঢাকা।

(২২) অধ্যাপক এ কে আজাদ খান, সভাপতি, বাংলাদেশ ডায়াবেটিক সমিতি, শাহবাগ, ঢাকা।

(২৩) সভাপতি, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল প্র্যাকটিশনার্স এসোসিয়েশন।

(২৪) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

(২৫) সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট মন্ত্রণালয়

(২৬) সচিব, সুরক্ষা বিভাগ, স্বরাষ্ট মন্ত্রণালয়

(২৭) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

(২৮) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্য-সচিব**

(২৯) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(৩০) সচিব, তথ্য মন্ত্রণালয়

(৩১) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(৩২) সচিব, খাদ্য মন্ত্রণালয়

(৩৩) সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়

(৩৪) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

(৩৫) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা

(৩৬) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা

(৩৭) মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট।

(৩৮) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা

(৩৯) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা

(৪০) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা

(৪১) মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা

(৪২) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, ঢাকা।

(৪৩) সভাপতি, জাতীয় প্রেস ক্লাব, ঢাকা

(৪৪) সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, ঢাকা

(৪৫) চেয়ারম্যান, ইউনানী ও আয়ুর্বেদী বোর্ড, ঢাকা

(৪৬) চেয়ারম্যান, হোমিওপ্যাথি বোর্ড, ঢাকা

(৪৭) সভাপতি, কনজুমার্স এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা।

**কার্যপরিধি :**

(ক) জাতীয় স্বাস্থ্য নীতি বাস্তবায়ন সংক্রান্ত বিষয়াদি;

(খ) দেশের জনগণের পুষ্টির স্তর উন্নয়ন সংক্রান্ত বিষয়াদি;

(গ) জাতি, ধর্ম, বর্ণ, ভাষা নির্বিশেষে সাম্য, লিঙ্গ সমতার ভিত্তিতে স্বাস্থ্য সেবায় সকলের সমান অধিকার ও ন্যায্যতা প্রতিষ্ঠা নিশ্চিত করা;

(ঘ) পল্লী ও শহর অঞ্চলের অবহেলিত জনগণের স্বাস্থ্য উন্নয়নসহ সেবা প্রদানের সুযোগ সৃষ্টি; এবং

(ঙ) বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার স্বাস্থ্য সম্পর্কিত কার্যক্রম পর্যালোচনা ও দিক নির্দেশনা প্রদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেহানা ইয়াছমিন**
উপসচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ জুলাই ২০১৮ খ্রিঃ

নং **৪৬.০০.০০০০.০৬৪.৩১.০৮৯.১৪/৮৩৪**—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৪২(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ বিভাগের **১৯-১১-২০১৫** তারিখের ৪৬.০০.০০০০.০৬৪.৩১.০৮৯. ১৪/১৭৯১ নং প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে সরকার পিরোজপুর জেলার ভান্ডারিয়া পৌরসভার কার্য সম্পাদনে নিযুক্ত প্রশাসককে সহায়তা দানের জন্য নিম্নোক্ত ব্যক্তিকে পৌর সহায়তা কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করল :

| | | |
|---|---|---|
| ১। | জনাব ছগির হোসেন পোদ্দার<br>পিতা : হাজী আব্দুল মান্নান পোদ্দার<br>ভান্ডারিয়া পৌরসভা, পিরোজপুর। | সদস্য |

২। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী গঠিত কমিটির সদস্য হিসাবে ভান্ডারিয়া পৌরসভার সার্বিক কর্মকান্ড পরিচালনায় নিযুক্ত প্রশাসককে সহায়তা করবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা মান্নান**
উপসচিব।

[ একই স্মারক নম্বর ও তারিখের প্রতিস্থাপন ]
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

**পরিপত্র**

তারিখ: ১৬ আষাঢ় ২০১৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৫২.০০৮.০১১.০৮.০০.৭০০.২০১৩-২৭১/২**—বর্তমানে Geographic Information System (GIS)[১] প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পৃথিবীর নানাদেশে বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ নানাবিধ সেবামূলক কার্যক্রমে ব্যবহার করা হচ্ছে। ২০১১ খ্রিস্টাব্দে ১২ মে তারিখে জেনেভায় অনুষ্ঠিত জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক কাউন্সিল (ECOSOC) এর সভায় মহাসচিবের (E/2011/89) রিপোর্টের উপর ভিত্তি করে 'UN Committee of Experts on Global Geospatial Information Management (UNGGIM)' নামে একটি কমিটি গঠিত হয়। এই কমিটি জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে Geospatial Database এর সাথে Statistics এর সমন্বয়ের মাধ্যমে টেকসই উন্নয়নে উদ্বুদ্ধ করছে। বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা তাদের নিজস্ব অথবা জাতীয় প্রয়োজনে GIS কর্মকান্ড পরিচালনা করছে। বর্তমানে এ সমস্ত সংস্থা কর্তৃক পরিচালিত GIS কর্মকান্ড সম্পর্কে পরস্পরের মধ্যে তেমন কোন সমন্বয় না থাকার কারণে দ্বৈততা সৃষ্টির পাশাপাশি অর্থ ও সময়ের অপচয় ঘটছে। সর্বোপরি, GIS কেন্দ্রিক কাঙ্ক্ষিত উন্নয়ন থেকে জাতি বঞ্চিত হচ্ছে। এ কারণে GIS কর্মকান্ডে সম্পৃক্ত সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ বা সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে GIS কর্মকান্ডের সমন্বয় সাধন করা অত্যন্ত জরুরী এবং গুরুত্বপূর্ণ। সকল GIS সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় সাধন করা গেলে একে অপরের কাজ সম্পর্কে পরিষ্কার ধারণা লাভ এবং নিজেদের মধ্যে তথ্য/উপাত্ত আদান প্রদানসহ জাতীয় প্রয়োজনে সমন্বিত উদ্যোগ গ্রহণের মাধ্যমে এতদবিষয়ে গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়ন করা সহজ হবে। দেশের সকল GIS তথ্য/উপাত্ত প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় এবং তাদের প্রস্তুতকৃত তথ্য/উপাত্ত একই স্থানে সংরক্ষণ করে জনগণের ব্যবহার উপযোগী করে তোলার লক্ষ্যে একটি প্ল্যাটফরম গঠন জরুরী হয়ে পড়েছে।

২। পরিসংখ্যান আইন, ২০১৩ এর ৬ ধারাবলে বাংলাদেশে GIS কার্যক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের[২] মধ্যে সমন্বয় সাধন এবং একই স্থানে এতদসংক্রান্ত সকল তথ্য/উপাত্ত সংরক্ষণ ও জনসাধারণের জন্য ব্যবহার উপযোগী করে তোলার লক্ষ্যে "Bangladesh GIS Platform (BGISP)" শিরোনামে একটি প্ল্যাটফরম গঠন করা হলো।

৩। এ প্ল্যাটফরমটি সুষ্ঠু ও কার্যকরভাবে পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে BGISP কমিটি গঠিত হবে :

সভাপতি

(১) অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

সদস্যবৃন্দ

(২) উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

(৩) প্রতিনিধি, সাধারণ অর্থনীতি বিভাগ

(৪) প্রতিনিধি, সার্ভে অব বাংলাদেশ

(৫) প্রতিনিধি, মহাশুন্য গবেষণা ও দুর অনুধাবন সংস্থা (SPARRSO)

(৬) প্রতিনিধি, এ টু আই কর্মসূচি, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৭) প্রতিনিধি, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED)

(৮) প্রতিনিধি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

(৯) প্রতিনিধি, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর (DLRS)

(১০) প্রতিনিধি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিপ্তর

(১১) প্রতিনিধি, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)

(১২) প্রতিনিধি, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

(১৩) প্রতিনিধি, WARPO, ঢাকা

(১৪) প্রতিনিধি, বাংলাদেশ বন বিভাগ

(১৫) প্রতিনিধি, সড়ক ও জনপথ অধিদপ্তর

(১৬) প্রতিনিধি, কৃষি গবেষণা কাউন্সিল (BARC)

(১৭) প্রতিনিধি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

(১৮) প্রতিনিধি, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা

(১৯) প্রতিনিধি, বিআইডব্লিউটিএ (BIWTA)

(২০) প্রতিনিধি, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট (SRDI)

১ GIS বলতে Geographical Information System/Science/Service/Society/Studies বুঝাবে;

২ প্রতিষ্ঠান বলতে সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, পাবলিক বিশ্ববিদ্যালয়, উন্নয়ন সহযোগী ও আন্তর্জাতিক সংস্থা বুঝাবে।

(২১) প্রতিনিধি, ঢাকা উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন

(২২) প্রতিনিধি, পল্লী উন্নয়ন একাডেমী

(২৩) প্রতিনিধি, সিইজিআইএস (CEGIS)

(২৪) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

(২৫) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়

(২৬) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

(২৭) প্রতিনিধি, নগর ও আঞ্চলিক ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়

(২৮) প্রতিনিধি, নগর ও আঞ্চলিক পরিকল্পনা বিভাগ, বুয়েট

(২৯) প্রতিনিধি, ভূগোল ও পরিবেশ বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(৩০) প্রতিনিধি, বিশ্বব্যাংক (World Bank), ঢাকা অফিস

(৩১) প্রতিনিধি, এশিয় উন্নয়ন ব্যাংক (ADB), ঢাকা অফিস

(৩২) প্রতিনিধি, ইউএনএফপিএ (UNFPA), ঢাকা অফিস

(৩৩) প্রতিনিধি, খাদ্য ও কৃষি সংস্থা (FAO), ঢাকা অফিস

(৩৪) প্রতিনিধি, ইইএনডিপি (UNDP), ঢাকা অফিস

(৩৫) পরিচালক, সেন্সাস উইং, বিবিএস

**সদস্য-সচিব**

(৩৬) পরিচালক, কম্পিউটার উইং, বিবিএস

৪। Bangladesh GIS Platform (BGISP) নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করবে :

ক. BGISP পরিসংখ্যান আইন, ২০১৩; তথ্য অধিকার আইন, ২০০৯ এবং GIS সংক্রান্ত বিধি-বিধান, নীতিমালা ইত্যাদি অনুসরণ করবে;

খ. প্রাথমিকভাবে বাংলাদেশে যেসব প্রতিষ্ঠান GIS সংক্রান্ত কাজের সাথে সম্পৃক্ত, সে সব প্রতিষ্ঠানকে এই Platform এর সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান GIS বিষয়ে অভিজ্ঞ এমন একজন কর্মকর্তাকে ফোকাল পার্সন মনোনীত করবে। পরবর্তীতে Platform এর সদস্যদের মতামতের ভিত্তিতে GIS সংশ্লিষ্ট বেসরকারি প্রতিষ্ঠানকেও অন্তর্ভুক্ত করার বিষয়টি বিবেচনা করা হবে;

(গ) BGISP এর সকল সদস্য সংস্থা নিজ নিজ প্রতিষ্ঠান বা জাতীয় প্রয়োজনে কোন উল্লেখযোগ্য GIS সংক্রান্ত কর্মকান্ডের উদ্যোগ গ্রহণ করার পূর্বে প্লাটফরমকে অবহিত করবে। এ বিষয়ে আলোচনার জন্য প্ল্যাটফরম যত দ্রুত সম্ভব সভা আহ্বান করবে। প্রস্তাবিত কার্যক্রম যাতে জাতীয় ও আন্তর্জাতিক মানদণ্ডে গ্রহণযোগ্য হয়, সে বিষয়ে প্ল্যাটফরম প্রয়োজনীয় পরামর্শ এবং কারিগরি সহযোগিতা প্রদান করবে;

(ঘ) দ্বৈততা পরিহার, সময় ও অর্থ অপচয় রোধে একই ধরনের কাজ যাতে একাধিক প্রতিষ্ঠান দ্বারা সম্পাদিত না হয় সে বিষয়ে BGISP উদ্যোগ গ্রহণ করবে;

(ঙ) দেশের টেকসই উন্নয়নের জন্য GIS সম্পর্কে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের উত্তম চর্চাগুলো খুঁজে বের করে তা রূপায়নের উদ্যোগ গ্রহণ করবে;

(চ) এই প্ল্যাটফরমটি GIS সম্পর্কিত বিভিন্ন আঞ্চলিক (Asia-Pacific Spatial Data Infrastructure (APSDI) ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান (Global Spatial Data Infrastructure (GSDI), Global Earth Observation System of Systems (GEOSS), International Steering Committee for Global Mapping (ISCGM), Environmental Service Research Institute (esri) ইত্যাদির সাথে BGISP ঘনিষ্ঠ যোগাযোগ স্থাপন এবং তাদের সাথে এতদসংক্রান্ত হালফিল তথ্যাদি বিনিময় করবে;

(ছ) জাতীয় পর্যায়ে GIS সংক্রান্ত Metadata তৈরি করতে সহায়তা প্রদান ও সমন্বয় সাধন করবে;

(জ) এই প্ল্যাটফরম GIS সংক্রান্ত Data প্রস্তুত, সংরক্ষণ ও আদান-প্রদানসহ এর সার্বিক পরিচালনার দিক নির্দেশনামূলক একটি গাইডলাইন প্রণয়ন করবে;

(ঝ) প্রাথমিকভাবে Bangladesh Bureau of Statistics (BBS) একটি Data Mining/Archive প্রতিষ্ঠা করে দেশের সকল GIS সংক্রান্ত তথ্য উপাত্ত সংরক্ষণ ও বিতরণের উদ্যোগ গ্রহণ করবে;

(ঞ) GIS কে সর্বস্তরে বিস্তৃতি লাভ, Vector ও Raster Database এবং এর সুফল যাতে তৃণমূল পর্যায়ের জনসাধারণ পেতে পারে তার জন্য যে সব সংস্থা GIS বিষয়ে কর্মকান্ড পরিচালনা করে তাদেরকে প্লাটফরমের পক্ষ থেকে নানা ধরনের উৎসাহ ও প্রণোদনা প্রদান করা হবে। BGISP বিভিন্ন সময়ে বিভিন্ন কর্মসূচি যেমন, জিআইএস দিবস প্রবর্তন, জিআইএস মেলা, রোড শো, সভা/সেমিনার ইত্যাদির আয়োজন করবে;

(ট) BBS এর অধীনে BGISP এর একটি স্বতন্ত্র WebSite তৈরি করে সেখানে GIS সংক্রান্ত সকল তথ্য প্রকাশ ও প্রযোজ্য ক্ষেত্রে Download করার যাবতীয় সুযোগ সৃষ্টি করা হবে;

(ঠ) ন্যূনতম প্রতি ৩ মাসে এই প্ল্যাটফরমের সভা অনুষ্ঠিত হবে;

(ড) বাস্তবতার প্রেক্ষাপটে GIS প্লাটফরম এই পরিপত্রে বর্ণিত কার্যাবলীর পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন করতে পারবে;

(ঢ) এই প্ল্যাটফরম National Spatial Data Infrastructure (NSDI) এর উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে, যার মাধ্যমে Geospatial তথ্যাদি সংক্রান্ত নীতি প্রণয়ন এবং কারিগরি বিষয়সমূহের উন্নয়ন সাধন সম্ভব হবে।

৫। BGISP কমিটি প্রয়োজনে কোন অভিজ্ঞ ব্যক্তি বিশেষ বা কোন প্রতিষ্ঠানকে সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

৬। জনস্বার্থে এই পরিপত্র জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মো. সফিকুল ইসলাম**
অতিরিক্ত সচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**মুদ্রণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০৫ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নং ০৫.০০.০০০০.১২০.২৭.০০৩.১২-১৭৬—যেহেতু, জনাব মোহাম্মদ আলমগীর হোসেন, প্রাক্তন সহকারী পরিচালক (প্রেস), বাংলাদেশ সরকারী মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা (বর্তমানে অবসরপ্রাপ্ত) এর বিরুদ্ধে ভূমি মন্ত্রণালয়ের ০৪-১১-২০১৩ তারিখের ভূ:ম:/শা:-১০/হু:দ:/ডিএ-৪৪/৮৭(অংশ-২)/২৯৭/১ সংখ্যক ভুয়া স্মারক উপ-পরিচালকের অনুস্বাক্ষর ব্যতীত নিজে অনুস্বাক্ষর করে মুদ্রণের জন্য গেজেট শাখায় প্রেরণ করে গুরুতর অনিয়ম ও কর্তৃত্ব বহির্ভূত কাজের অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-০১-২০১৬ তারিখের ০৫.০০.০০০০.১২০.২৭.০০৩.১২-২১ নম্বর স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে ১৬-০২-২০১৬ তারিখে লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে ১৭-০৪-২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে ন্যায়বিচার নিশ্চিতকরণ ও সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য ০১-০৩-২০১৭ তারিখে জনাব মোস্তফা কামাল, উপপরিচালক, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়-কে বিভাগীয় মামলার তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা ২৫-০৬-২০১৮ তারিখে তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ আলমগীর হোসেন এর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদনের প্রদত্ত মতামত, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে জনাব মোহাম্মদ আলমগীর হোসেন, প্রাক্তন সহকারী পরিচালক (প্রেস), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা (বর্তমানে অবসরপ্রাপ্ত) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাঁকে অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোহাম্মদ আলমগীর হোসেন, প্রাক্তন সহকারী পরিচালক (প্রেস), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা (বর্তমানে অবসরপ্রাপ্ত) এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফয়েজ আহম্মদ**
সচিব।